NYC Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **D-200**
বিষয়: **নিউ ইয়র্ক সিটি বোর্ড অভ এডুকেশনের গঠন এবং সদস্য বাছাই**
শ্রেণি: **প্যানেল ফর এডুকেশন্যাল পলিসি**
ইস্যুর তারিখ: **1 ডিসেম্বর, 2022**

## *পরিবর্তনসমূহের সংক্ষিপ্তসার*

এই প্রবিধান 19 ডিসেম্বর, 2019 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান D-200-কে রহিত করে।

পরিবর্তনসমূহ:

- নিউ ইয়র্ক এডুকেশন আইন (সেকশন I এবং II) -এর 2022 সংশোধনীর সাথে প্যানেল ফর এডুকেশনাল পলিসির (“প্যানেল”) গঠন সম্পর্কিত বিভিন্ন ব্যবস্থাকে হালনাগাদ করে।
- নিউ ইয়র্ক এডুকেশন আইন (সেকশন III)-এর 2022 সংশোধনীর সাথে অফিস অভ প্যানেল সদস্যদের শর্তের সাথে সম্পর্কিত বিভিন্ন ব্যবস্থাকে হালনাগাদ করে।
- 15 জানুয়ারি, 2023 (সেকশন IV.A)-এ শুরু প্যানেল মেয়াদের জন্য পাঁচ জন প্যানেল সদস্য নির্বাচন করতে কমিউনিটি এডুকেশন কাউন্সিলের জন্য একটি প্রক্রিয়া নির্ধারণ করে।
- 1 জুলাই, 2023 (সেকশন IV.B) তারিখ থেকে শুরু করে এবং তার পরবর্তী প্রতি 1 জুলাইতে প্যানেল মেয়াদের জন্য পাঁচ জন প্যানেল সদস্য নির্বাচন করতে কমিউনিটি এডুকেশন কাউন্সিলের জন্য একটি প্রক্রিয়া নির্ধারণ করে।
- নিউ ইয়র্ক এডুকেশন আইন (সেকশন IV.C অ্যান্ড D)-এর 2022 সংশোধনীর সাথে সামঞ্জস্য বিধান করে কমিউনিটি এডুকেশন কাউন্সিল প্রেসিডেন্টগণ কর্তৃক নির্বাচিত প্যানেল সদস্যদের অপসারণ এবং শূন্য পদ পূরণের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন ব্যবস্থাকে হালনাগাদ করে।
- এই প্রবিধান (সেকশন VI) বিষয়ে অনুসন্ধানের জন্য যোগাযোগের তথ্য হালনাগাদ করে।



T-35037 OGC 2022 Dec CR D-200 Posted 12.1.2022 (Bangla)

Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **D-200**
বিষয়: **নিউ ইয়র্ক সিটি বোর্ড অভ এডুকেশনের গঠন এবং সদস্য বাছাই**
শ্রেণি: **প্যানেল ফর এডুকেশন্যাল পলিসি**
ইস্যুর তারিখ: **1 ডিসেম্বর, 2022**


## সারসংক্ষেপ

এই প্রবিধান নিউ ইয়র্ক সিটি বোর্ড অভ এডুকেশনের (যা প্যানেল ফর এডুকেশনাল পলিসি অথবা দ্যা প্যানেল নামেও পরিচিত) গঠন এবং এটার সদস্যদের যোগ্যতা নির্ধারণ করে, এবং এর পাশাপাশি নির্বাচন প্রক্রিয়া এবং কমিউনিটি এডুকেশন কাউন্সিলগুলোর প্রেসিডেন্ট কর্তৃক নির্বাচিত প্যানেল সদস্যদের নির্বাচন এবং অপসারণের প্রক্রিয়া প্রতিষ্ঠা করে। এটি এধরনের শূন্য পদসমূহ পূরণ করার প্রক্রিয়াও নির্ধারণ করে।


## I. প্যানেলের গঠন

A. এই প্যানেলটি 15 জানুয়ারি, 2023-এ শুরু হবে, এবং এতে থাকবে 23 জন ভোটাধিকারী সদস্য:

1. প্রতিটি বরো প্রেসিডেন্ট একজন করে সদস্য নিয়োগ দেবেন;
2. সিটি অভ নিউ ইয়র্কের প্রতিটি বরো থেকে একজন করে পাঁচ জন পিতামাতা সদস্য কমিউনিটি এডুকেশন কাউন্সিলগুলোর (CECs) প্রেসিডেন্টদের দ্বারা নির্বাচিত হন; এবং
3. তেরো জন সদস্যকে নিযুক্ত করেন মেয়র।

B. এছাড়াও প্যানেলে চারজন ভোটাধিকারহীন সদস্য থাকবে:

1. চ্যান্সেলর, যিনি একজন পদাধিকারবলে সদস্য হিসাবে পরিষেবা প্রদান করবেন;
2. সিটি অভ নিউ ইয়র্কের কম্পট্রোলার, যিনি পদাধিকারবলে হিসেবে কাজ করেন; এবং
3. দুইজন হাই স্কুল শিক্ষার্থী উপদেষ্টা সদস্য, বাছাইকৃত হবে চ্যান্সেলরের স্টুডেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল দ্বারা।

## II. প্যানেলে সদস্য হওয়ার যোগ্যতা

A. প্রতিটি বরো প্রেসিডেন্টের নিযুক্ত ব্যক্তিকে অবশ্যই বরো প্রেসিডেন্ট কর্তৃক যে বরোতে নির্বাচিত করা হচ্ছে সেই বরোর বাসিন্দা হতে হবে, এবং নিউ ইয়র্ক সিটির নির্ধারিত সিটি স্কুল ডিস্ট্রিক্টগুলোর একটি পাবলিক স্কুলে পড়ছে এমন একজন শিক্ষার্থীর পিতামাতা হতে হবে।

B. CEC-সমূহের প্রেসিডেন্টগণ কর্তৃত নির্বাচিত প্রত্যেক পিতামাতা সদস্য অবশ্যই তিনি যে বরোর প্রতিনিধিত্ব করবেন সেখানকার একজন অধিবাসী হবেন এবং-প্রতিটি প্যারেন্ট সদস্যকে অবশ্যই নিউ ইয়র্ক সিটির নির্ধারিত সিটি স্কুল ডিস্ট্রিক্টগুলোর একটি পাবলিক স্কুলে পড়ছে এমন একজন শিক্ষার্থীর পিতামাতা হতে হবে।

C. মেয়রের নিযুক্ত ব্যক্তিকে অবশ্যই নিউ ইয়র্ক সিটির বাসিন্দা হতে হবে এবং চার জন এমন নিয়োগ প্রাপ্ত ব্যক্তি অবশ্যই নিউ ইয়র্ক সিটির নির্ধারিত সিটি স্কুল ডিস্ট্রিক্টগুলোর একটি পাবলিক স্কুলে পড়ছে এমন শিক্ষার্থীদের পিতামাতা হতে হবে, এই শর্তে যে:

1. মেয়রের নিযুক্ত সদস্যদর একজন অবশ্যই ইনডিভিজ্যুয়ালাইজড্ এডুকেশন প্রোগ্রাম (ব্যক্তিক শিক্ষা পরিকল্পনা, IEP)-যুক্ত শিক্ষার্থীর পিতামাতা হবেন;
2. মেয়রের নিযুক্তদের ন্যূনতম একজন সদস্য অবশ্যই বাইলিঙ্গুয়াল অথবা দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি প্রোগ্রামের শিক্ষার্থীর পিতামাতা হবেন; এবং
3. মেয়র নিযুক্ত ন্যূনতম একজন সদস্য অবশ্যই ডিস্ট্রিক্ট 75 স্কুল বা প্রোগ্রামে পড়ছে এমন শিক্ষার্থীর পিতামাতা হবেন।

D. চ্যান্সেলর এবং কম্পট্রোলার ব্যাতীত, প্যানেলের অন্য কোন সদস্য কোন পর্যায়েই নিউ ইয়র্ক সিটি অথবা এর কোন উপশাখায় অথবা সিটি বোর্ডে চাকুরীরত হতে পারবেন না।

E. প্যানেলের কোন নিযুক্ত অথবা নির্বাচিত সদস্য কোন পাবলিক কর্পোরেশন, কর্তৃপক্ষ, বা কমিশনের সদস্য, কর্মকর্তা বা কর্মচারী হতে পারবেন না, যেখানে নিউ ইয়র্ক সিটির মেয়রের অধিকাংশ অ্যাপয়েন্টমেন্ট রয়েছে।

## III. মেয়াদ, অপসারণ এবং পদশূন্যতার শর্তাবলী

A. 23 জন ভোটাধিকার সম্পন্ন সদস্য যাদের মেয়াদ 15 জানুয়ারি, 2023-শুরু হবে তারা মেয়াদের শেষ অবধি, যা শেষ হবে 30 জুন, 2023-এ, কাজ করবেন। পরবর্তিতে, 23 জন ভোটাধিকার-সম্পন্ন সদস্য এক-বছর মেয়াদে পরিষেবা দেবেন যা শুরু হবে 1 জুলাই থেকে।

B. সকল পিতামাতা সদস্য তাদের মেয়াদ শেষ হওয়ার পর এবং সন্তানের সিটির কোন ডিস্ট্রিক্টে পড়াশোনা শেষ হবার পর দুই বছরের জন্য প্যানেলে পরিষেবা প্রদান অব্যাহত রাখার যোগ্য থাকবেন।

C. প্যানেলের নিয়োগপ্রাপ্ত ব্যক্তিদের পদশূন্যতা যথাযথ নিয়োগদানকারী কর্তৃপক্ষকে পদশূন্যতার 90 দিনের মধ্যে পূরণ করতে হবে। CEC দ্বারা প্যারেন্ট বা পিতামাতা সদস্যকে অপসারণ এবং শূন্য পদ পূরণ করার প্রক্রিয়া নিম্নে সেকশন IV-এ উল্লিখিত হয়েছে।

## IV. কমিউনিটি এডুকেশন কাউন্সিলগুলোর দ্বারা নির্বাচিত প্যানেল সদস্য বাছাই, অপসারণ, এবং শূন্য পদসমূহ পূরণ করার প্রক্রিয়া

A. 15 জানুয়ারি, 2023-এ শুরু প্যানেল মেয়াদের জন্য CEC প্রেসিডেন্টগণ কর্তৃক পিতামাতা সদস্য নির্বাচন।

1. 2022-এর ডিসেম্বরে 32টি CEC প্রেসিডেন্ট নিউ ইয়র্ক সিটির প্রতিটি বরো থেকে একজন করে পাঁচজন প্যানেল সদস্য নির্বাচন করবেন, যারা 15 জানুয়ারি, 2023 তারিখে দায়িত্ব গ্রহণ করবেন।

2. ব্রুকলিন, ব্রংক্স, ম্যানহাটান এবং কুইন্স বরোর CEC প্রেসিডেন্টগণ মনোনয়ন দানকারী কমিটিতে সেবা প্রদানের জন্যে দুইজন CEC প্রেসিডেন্টকে বাছাই করবেন। স্ট্যাটেন আইল্যান্ড বরোতে, যেখানে শুধু একটি CEC রয়েছে, সেখানে CEC প্রেসিডেন্ট এবং একজন অতিরিক্ত CEC কর্মকর্তা মনোনয়ন দানকারী কমিটিতে পরিষেবা প্রদান করবেন। এমন মনোনয়ন কমিটি গঠিত হবে 28 অক্টোবর, 2022 তারিখের মধ্যে।

3. প্রার্থীতার আবেদন করতে, পিতামাতাদেরকে অবশ্যই অফিস অভ ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এনগেজমেন্ট (FACE)-এ একটি আবেদনপত্র জমা দিতে হবে। FACE আবেদনকারীদের যোগ্যতা পর্যালোচনা করবে এবং সকল যোগ্য আবেদনপত্র মনোনয়ন কমিটির কাছে পাঠাবে। আবেদন গ্রহণ 15 নভেম্বর 2022 পর্যন্ত খোলা থাকবে।

4. মনোনয়ন দানকারী কমিটি আবেদনপত্র পর্যালোচনা করবেন এবং আবেদনকারীদের সাক্ষাৎকার গ্রহণ করতে পারেন।

5. 6 ডিসেম্বর, 2022-এর মধ্যে, মনোনয়ন কমিটি প্রতিটি বরো থেকে তাদের চূড়ান্ত প্রার্থীদের বাছাই করবে যাতে সংশ্লিষ্ট বরোর CEC প্রেসিডেন্টগণ বিবেচনা করতে পারেন।

6. 20 ডিসেম্বর, 2022 তারিখের মধ্যে, প্রতিটি বরোর CEC প্রেসিডেন্ট তাদের বরোর একজন প্যানেল সদস্য নির্বাচনে ভোট প্রদান করতে পারবেন। নির্বাচনে বিজয়ীকে অবশ্যই প্রদানকৃত ভোটের অন্তত 50 শতাংশ পেতে হবে। যদি তা না হয়ে থাকে, তবে একটি পুনঃনির্বাচন অনুষ্ঠিত হবে।

7. FACE মনোনয়ন এবং নির্বাচন প্রক্রিয়া বাস্তবায়নের করতে পদ্ধতিসমূহ জারি করবে।

B. 1 জুলাই, 2023 থেকে শুরু এবং পরবর্তিতে প্রত্যেক 1 জুলাইতে প্যানেল মেয়াদের জন্য CEC প্রেসিডেন্ট কর্তৃক পিতামাতা সদস্য নির্বাচন

1. জুন 2023-এ শুরু করে, এবং পরবর্তীতে প্রত্যেক জুনে, 32টি CEC-এর প্রেসিডেন্টগণ নিউ ইয়র্ক সিটির প্রত্যেক বরো থেকে একজন করে পাঁচজন প্যানেল সদস্য নির্বাচন করবেন, যারা দায়িত্ব গ্রহণ করবেন 1 জুলাই।

2. ব্রুকলিন, ব্রংক্স, ম্যানহাটান এবং কুইন্স বরোর CEC প্রেসিডেন্টগণ মনোনয়ন দানকারী কমিটিতে সেবা প্রদানের জন্যে দুইজন CEC প্রেসিডেন্টকে বাছাই করবেন। স্ট্যাটেন আইল্যান্ড বরোতে, যেখানে শুধু একটি CEC রয়েছে, সেখানে CEC প্রেসিডেন্ট এবং একজন অতিরিক্ত CEC কর্মকর্তা মনোনয়ন দানকারী কমিটিতে পরিষেবা প্রদান করবেন। এধরনের মনোনয়ন দানকারী কমিটি নির্বাচন নির্বাচনের পূর্বে 31 মার্চের মধ্যে গঠিত হতে হবে।

3. কোনো পিতামাতা প্রার্থী হতে হলে তাকে অবশ্যই FACE-এর কাছে আবেদন জমা দিতে হবে। FACE আবেদনকারীদের যোগ্যতা পর্যালোচনা করবে এবং সকল যোগ্য আবেদনপত্র মনোনয়ন কমিটির কাছে পাঠাবে। আবেদন গ্রহণের সময়সীমা কমপক্ষে 15 এপ্রিল পর্যন্ত খোলা থাকবে।

4. মনোনয়ন দানকারী কমিটি আবেদনপত্র পর্যালোচনা করবে এবং আবেদনকারীদের সাক্ষাৎকার গ্রহণ করতে পারে।

5. 15 মে-এর মধ্যে, মনোনয়ন কমিটি প্রতিটি বরো থেকে তাদের চূড়ান্ত প্রার্থীদের বাছাই করবে যাতে সংশ্লিষ্ট বরোর CEC প্রেসিডেন্টগণ বিবেচনা করতে পারেন।

6. মে মাসের শেষ সপ্তাহে, প্রতিটি বরোর CEC প্রেসিডেন্ট তাদের বরোর একজন প্যানেল সদস্য নির্বাচনের জন্য ভোট প্রদান করতে পারবে। নির্বাচনে বিজয়ীকে অবশ্যই প্রদানকৃত ভোটের অন্তত 50 শতাংশ পেতে হবে। যদি তা না হয়ে থাকে, তবে একটি পুনঃনির্বাচন অনুষ্ঠিত হবে।

7. FACE মনোনয়ন এবং নির্বাচন প্রক্রিয়া বাস্তবায়নের করতে পদ্ধতিসমূহ জারি করবে।

C. CEC প্রেসিডেন্টগণ দ্বারা সদস্য অপসারণ

প্রতিটি বরোর CEC প্রেসিডেন্ট তাদের নির্বাচিত প্যানেল সদস্যকে অপসারণ করতে পারেন যদি CEC প্রেসিডেন্টদের দুই তৃতীয়াংশ অপসারণ যথাযথ মনে করেন। স্ট্যাটেন আইল্যান্ডে, CEC প্রেসিডেন্ট এবং দুইজন বাড়তি CEC অফিসার অবশ্যই নির্ধারণ করবেন তাদের নির্বাচিত প্যানেল সদস্যের অপসারণ যথাযথ কিনা। অপসারণের ক্ষেত্রে, CEC প্রেসিডেন্টগণ অপসারণের দশদিন পূর্বে অপসারণের কারণ ব্যাখ্যা করে জনগণকে উদ্দেশ্য করে একটি লিখিত বিজ্ঞপ্তি প্রদান করবেন।

D. CEC প্রেসিডেন্টগণ দ্বারা শূন্য পদসমূহ পূরণকরণ

1. পদশূন্য হওয়ার 60 দিনের মধ্যে CEC প্রেসিডেন্টগণকে অবশ্যই শূন্যপদ পূরণ করতে হবে।

2. একটি শূন্য পদ পূরণের জন্যে পিতামাতাগণ নিজেদেরকে মনোনয়ন করতে পারেন। পদশূন্যতার 30 দিনের মধ্যে মনোনয়নপত্র অবশ্যই FACE-এ জমা দিতে হবে। FACE যোগ্যতার জন্য আবেদনকারীদের পর্যালোচনা করবে এবং সকল যোগ্য আবেদনপত্র সংশ্লিষ্ট CEC প্রেসিডেন্টের কাছে পাঠাবে, যিনি শূন্য পদ পূরণ করতে প্রার্থী নির্বাচনে ভোট দেবেন। যে প্রার্থী সবচেয়ে বেশি ভোট পাবেন তিনি বিজয়ী হবেন। যদি প্রার্থীগণ সমান সমান ভোট পান, তবে একটি পুনঃনির্বাচন গ্রহণ করা হবে।

3. CEC নির্বাচিত পিতামাতা সদস্যের শূন্যপদ পূরণ করতে FACE বাস্তবায়নের জন্যে মনোনয়ন এবং নির্বাচন প্রক্রিয়া জারি করবেন।

## V. অর্থ ফেরত পাওয়া

প্যানেল সদস্যদের জন্যে নির্ধারিত স্টাফ, অফিস অথবা যানবাহন থাকবে না অথবা তাদের পরিষেবার জন্যে ক্ষতিপূরণ পাবেন না। কিন্তু, তাদের দায়িত্ব পালন করতে গিয়ে যে সত্যিকার এবং প্রয়োজনীয় খরচ করবেন, তারা সেগুলোর জন্যে অর্থ ফেরত পাবেন।

**VI.** ***অনুসন্ধান***

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

Office of Family and Community Engagement

52 Chambers Street

Room 503

New York, NY 10007

Telephone: 212-374-4118

FACE@schools.nyc.gov